

## ঝাঁপ

---

হেলানো গির্জার থেকে পড়ে গেল, যাহ্ত!!

চুঁড়ে ফেলে দেখছিল নাকি গ্যালিলিও ?

মনের পতন বা মানুষের লাফ

বায়ু শূন্য প্রেম শূন্য কাচের টিউবে

তার আর পর নেই

বাধা না থাকলে একই হারে পড়ে

সিসা, লোহা,সম্পর্ক, মটর দানা, নিদেন একটু শিমূল তুলোও

একই হারে পড়ে সব : পড়ে ফেটে যায় রোজ হদয় মাঝারে

টুকরো টুকরো স্মৃতি-দৃশ্য জড় করে তোলে বাটলার,

হাসিমুখে ঝাঁট দেয় তুরন্ত গতিতে

ঠেলতে ঠেলতে ভালবাসা প্রেম অপূর্ব সাক্ষাৎ সব মিনার কিনারে

হেলানো গির্জার থেকে ঝাঁপ দিচ্ছ রোজ

অ্যারিস্টটল হলে ঠিক বুঝে নিত এঁকে।